

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১০১.০০৬.০০.০০.০৩০.২০০৮-০৩

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৮
০১ জুলাই ২০২১

পরিপত্র

বিষয়ঃ ২০২১-২২ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের ভ্রমণ ব্যয় হ্রাসকরণ।

বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব মোকাবেলায় সরকারের অগ্রাধিকার খাতসমূহে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের মাধ্যমে সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণে ২০২১-২২ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে ‘৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়’ খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিয়োক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

- ক) শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় ‘৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়’ খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা যাবে;
- খ) সরকারি ভ্রমণের ব্যয় নির্বাহের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের ৫০% বরাদ্দ স্থগিত থাকবে; এবং
- গ) সকল প্রকার রুটিন ভ্রমণ পরিহার করতে হবে।

- ২। এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

(১.৭.২০২১)
(মোহাম্মদ আনিসুজ্জামান)

উপসচিব

ফোন নং ৯৫১৪১৪৬

ই-মেইলঃ anisuzzamank@finance.gov.bd

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ
৫. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৬. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা
৮. কর্মসূচি নির্বাহী ও সমন্বয়ক (যুগ্মসচিব), Strengthening Public Financial Management to Enable Service Delivery, অর্থ বিভাগ
৯. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা